রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, সেপ্টেম্বর ২৫, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**(কাস্টমস ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১০ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ/২৫ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ৩৮৪-আইন/২০২৫/১০৬/কাস্টমস।**—সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৫ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, ওয়্যারহাউস লাইসেন্সবিহীন তফসিল-১ এ উল্লিখিত খাতের শিল্প প্রতিষ্ঠানসমূহ কর্তৃক রপ্তানির উদ্দেশ্যে পণ্য তৈরির কাঁচামাল বা উপকরণ আমদানির ক্ষেত্রে আরোপনীয় সমুদয় আমদানি শুল্ক, রেগুলেটরি ডিউটি, মূল্য সংযোজন কর, আগাম কর ও সম্পূরক শুল্ক, যদি থাকে, তা পরিশোধ ব্যতিরেকে এর সমপরিমাণ মূল্যের ব্যাংক গ্যারান্টি দাখিলের বিপরীতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আমদানির সুবিধা প্রদান করিল, যথা:—

**শর্তাবলি:—**

(ক) সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে বিদেশি কোনো প্রতিষ্ঠান বা ক্রেতার ক্রয়-বিক্রয় চুক্তি, Letter of Credit (LC) বা Advance TT থাকিতে হইবে;

(খ) ক্রয়-বিক্রয়ের চুক্তি Integrated VAT Administration System (iVAS) এ অন্তর্ভুক্ত দেশীয় লিয়েন ব্যাংক কর্তৃক Endorsement করে দাখিল করিতে হইবে এবং যদি কোনো ব্যাংকের নাম iVAS এ অন্তর্ভুক্ত না থাকে, সেইক্ষেত্রে মূসক ফরম-২.১ এর মাধ্যমে ভ্যাট নিবন্ধনে তথ্য হালনাগাদ করে ব্যাংকের নাম অন্তর্ভুক্ত করিয়া নিতে হইবে;

(গ) লিয়েন ব্যাংক হইতে শিল্প প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত শর্ত (ক) তে বর্ণিত রপ্তানি আদেশ সংশ্লিষ্ট পণ্যচালানের উপর আরোপিত বা প্রযোজ্য শুল্ক-করাদির সমপরিমাণ মূল্যের নিঃশর্ত ও অব্যাহত Bank Guarantee কাস্টমস হাউস বা স্টেশনে দাখিল করিতে হইবে;

(ঘ) রপ্তানিতব্য পণ্য উৎপাদনের ক্ষেত্রে মূল্য সংযোজনের পরিমাণ ন্যূনতম ৩০ (ত্রিশ) শতাংশ হইতে হইবে;

(ঙ) রপ্তানি আদেশ প্রাপ্তির পর এই প্রজ্ঞাপনের আওতায় কাঁচামাল আমদানির পূর্বে রপ্তানি আদেশের বিপরীতে সরবরাহের উদ্দেশ্যে প্রতি একক পণ্য উৎপাদনের জন্য আবশ্যক কাঁচামাল বা উপকরণের তালিকা ও যৌক্তিক পরিমাণ অপচয় সম্বলিত উপকরণ-উৎপাদ সহগ সম্পর্কিত তথ্য **পরিশিষ্ট-১** অনুযায়ী সংশ্লিষ্ট কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট এর নিকট দাখিল করিতে হইবে; তবে একই ক্রেতার একই আর্টিকেল নম্বর ও মডেল নম্বরের পণ্যের ক্ষেত্রে পুনরায় উপকরণ-উৎপাদ সহগ দাখিলের প্রয়োজন হইবে না;

(চ) কমিশনারের নিকট আবশ্যক বিবেচিত হইলে তিনি যেকোনো সময় ঘোষিত উপকরণ-উৎপাদ সহগ যাচাই বা পুনঃনির্ধারণের উদ্দেশ্যে কোনো বিশ্ববিদ্যালয় অথবা বিশেষায়িত প্রতিষ্ঠানে প্রেরণ করিতে পারিবেন এবং এরূপ যাচাই বা পুনঃনির্ধারণের ব্যয় আমদানিকারককে বহন করিতে হইবে;

(ছ) উক্তরূপ প্রতিষ্ঠান হইতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে অথবা প্রতিষ্ঠানের ঘোষণা যথাযথ বিবেচিত হইলে সহগ সংবলিত **পরিশিষ্ট-১** কমিশনার অনুমোদনপূর্বক প্রতিস্বাক্ষর করিবেন;

(জ) কমিশনার কর্তৃক অনুমোদিত **পরিশিষ্ট-১** এর সত্যায়িত অনুলিপি প্রতিটি আমদানি পণ্যচালান শুল্কায়নকালে আমদানি দলিলাদির সাথে দাখিল করতে হইবে;

(ঝ) শুল্কায়নকালে মূসক- ১৮.৪ (মূসক ছাড়পত্র) দাখিল করিতে হইবে;

(ঞ) সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানকে অবশ্যই Industrial IRC holder এবং VAT compliant উৎপাদনকারী (manufacturer) হইতে হইবে;

<u>ব্যাখ্যা</u>ঃ—

(অ) "Industrial IRC holder" অর্থ এমন প্রতিষ্ঠান যাহার নিকট আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হইতে ইস্যুকৃত শিল্প ভোক্তা (Industrial consumer) আইআরসি রহিয়াছে।

(আ) "VAT compliant" অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর অধীন নিবন্ধিত এবং উক্ত আইনের ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাব সংরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করে এইরূপ উৎপাদনকারী প্রতিষ্ঠান।

(ট) এই প্রজ্ঞাপনের আওতায় কাঁচামাল আমদানির পর শুল্কায়ন সংক্রান্ত দলিলাদি সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট এর নিকট দাখিল করিতে হইবে;

(ঠ) প্রাপ্ত রপ্তানি আদেশের বিপরীতে পণ্য সরবরাহের উদ্দেশ্যে শিল্প প্রতিষ্ঠানসমূহ প্রয়োজনীয় কাঁচামাল এক বা একাধিক চালানে আমদানি করিতে পারিবে;

(ড) একই এলসি অথবা একই চালানে দেশীয় ভোগের জন্য উৎপাদনীয় পণ্যের কাঁচামাল এবং রপ্তানিতব্য পণ্যের কাঁচামাল একত্রে আমদানি করা যাইবে না;

(ঢ) এই প্রজ্ঞাপনের আওতায় আমদানিকৃত কাঁচামাল ও রপ্তানিতব্য পণ্য পৃথক রেজিস্টারে **(পরিশিষ্ট-৩)** এন্ট্রি করতঃ প্রতিষ্ঠানের অন্যান্য কাঁচামাল বা পণ্য হইতে প্রতিষ্ঠানের অঙ্গনে এমনভাবে পৃথক করিয়া সংরক্ষণ করিতে হইবে যেন তাহা সহজেই শনাক্ত ও পরিমাপ করা যায় এবং সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ যেকোনো সময় উহা পরীক্ষণ বা যাচাই করিতে পারেন;

(ণ) এই প্রজ্ঞাপনের আওতায় আমদানিকৃত কাঁচামাল ব্যবহারের হিসাব **পরিশিষ্ট-২** অনুযায়ী প্রতি কর মেয়াদে অনলাইনে দাখিলপত্রের সাথে দাখিল করিতে হইবে।

২। এই প্রজ্ঞাপনের আওতায় আমদানিকৃত কাঁচামাল দ্বারা উৎপাদিত পণ্য রপ্তানির সময়সীমা হইবে ৯ (নয়) মাস, কিন্তু কোনো কারণে উক্ত নির্ধারিত সময়ের মধ্যে রপ্তানি সম্পন্ন করা সম্ভব না হইলে শিল্প প্রতিষ্ঠানের আবেদনক্রমে সংশ্লিষ্ট কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট যৌক্তিক বিবেচনায় উক্ত সময়সীমা ৩ (তিন) মাস পর্যন্ত বর্ধিত করিতে পারিবেন।

৩। রপ্তানি শেষে শিল্প প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনের আওতায় কাঁচামাল আমদানি ও তদ্দ্বারা উৎপাদিত পণ্য রপ্তানি সংশ্লিষ্ট দলিলাদি সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট এর নিকট দাখিল করিবেন।

৪। সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট কর্তৃক উক্ত দলিলাদি যাচাইপূর্বক রপ্তানি নিশ্চিত হওয়া সাপেক্ষে একটি অনাপত্তিপত্র ইস্যু করিবেন এবং তৎপ্রেক্ষিতে কাস্টমস হাউজ বা শুল্ক স্টেশন রপ্তানি কারক প্রতিষ্ঠানের দাখিলকৃত Bank Guarantee অবমুক্ত করিবেন।

৫। এই প্রজ্ঞাপনের আওতায় আমদানিকৃত উপকরণ বা কাঁচামাল দিয়ে অনুচ্ছেদ ২ এ বর্ণিত নির্ধারিত সময়ের মধ্যে পণ্য উৎপাদনপূর্বক রপ্তানি করিতে ব্যর্থ হইলে অথবা বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসিত না হইলে আমদানিকালে দাখিলকৃত সমুদয় ব্যাংক গ্যারান্টি নগদায়ন করা হইবে।

৬। যেই রপ্তানি আদেশের বিপরীতে কাঁচামাল আমদানি করা হয়েছিল তাহা বাতিল হইলে অথবা শিল্প প্রতিষ্ঠান পণ্য রপ্তানিতে অপারগ বা ব্যর্থ হইলে তাহা সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট এর কমিশনারকে লিখিতভাবে অবহিত করিতে হইবে, এবং কমিশনার কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট উক্ত পণ্যচালানের বিপরীতে দাখিলকৃত সমুদয় ব্যাংক গ্যারান্টি নগদায়নের জন্য কাস্টমস হাউজ বা স্টেশনকে জানিয়ে দিবেন।

৭। পণ্য উৎপাদনের আগে বা পরে রপ্তানি আদেশ বাতিল হইবার পর যদি নতুন নতুন রপ্তানি আদেশ পাওয়া যায় এবং এরূপ রপ্তানি আদেশের পণ্য ইতোমধ্যে এই প্রজ্ঞাপনের আওতায় আমদানিকৃত উপকরণ দ্বারা উৎপাদন করা সম্ভব হইলে কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট-কে সকল দলিলসহ লিখিতভাবে অবহিত করিতে হইবে এবং অনুচ্ছেদ-২ তে বর্ণিত সময়ের মধ্যে রপ্তানি সম্পন্ন করিতে হইবে, তবে অধিকতর সময়ের প্রয়োজন হইলে শিল্প প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে ও কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট এর কমিশনার এর মতামতের ভিত্তিতে জাতীয় রাজস্ব বোর্ড যৌক্তিক সময় বৃদ্ধি করিতে পারিবে।

৮। অনুচ্ছেদ ৬ এ বর্ণিত কারণে রপ্তানিতে অপরাগতা বা ব্যর্থতার বিষয়টি শিল্প প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট এর কমিশনারকে লিখিতভাবে অবহিত না করিলে পরবর্তী এই প্রজ্ঞাপনের আওতায় কাঁচামাল বা উপকরণ আমদানির সুবিধা প্রাপ্য হইবেন না।

৯। এই প্রজ্ঞাপনের আওতায় **তফসিল-২** এ বর্ণিত পণ্যসমূহ আমদানিযোগ্য হইবে না।

১০। কাস্টম সিস্টেমে এই প্রজ্ঞাপন সংশ্লিষ্ট সকল কার্যক্রমকে অন্তর্ভুক্ত করা হইলে এইরূপ কার্যক্রম কাস্টমস সিস্টেম এর মাধ্যমে সম্পন্ন করিতে হইবে।

১১। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

**পরিশিষ্ট-১**

**[শর্ত (ঙ) দ্রষ্টব্য]**

..........তারিখের রপ্তানি আদেশ নম্বর........ এর বিপরীতে সরবরাহের জন্য.........পণ্য উৎপাদন কাজে আবশ্যক উপকরণ সম্পর্কিত ঘোষণা।

১। প্রতিষ্ঠানের নাম :

২। ঠিকানা :

৩। মূসক নিবন্ধন নম্বর :

৪। বিস্তারিত বর্ণনা :

| ক্রমিক নং | পণ্যের নাম ও এইচ. এস. কোড | একক | পণ্য উৎপাদনে ব্যবহার্য উপকরণের নাম (এইচ. এস. কোড) | অপচয়সহ একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় উপকরণের প্রতিটির পরিমাণ (একক) | অপচয় ব্যতীত প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় উপকরণের প্রতিটির পরিমাণ (একক) | অপচয় শতকরা হার (%) |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |

........................................................

প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের স্বাক্ষর ও তারিখ:

কমিশনারের প্রতিস্বাক্ষর:

দপ্তরের নাম:............

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

**পরিশিষ্ট-২**

**[শর্ত (ণ) দ্রষ্টব্য]**

.........তারিখের রপ্তানি আদেশ নম্বর........ এর বিপরীতে সরবরাহের জন্য.........পণ্য উৎপাদন কাজে আবশ্যক উপকরণ সম্পর্কিত ঘোষণা।

১। প্রতিষ্ঠানের নাম :

২। ঠিকানা :

৩। মূসক নিবন্ধন নম্বর :

৪। বিস্তারিত বর্ণনা :

| ক্রমিক নং | পণ্যের নাম ও এইচ. এস. কোড | একক | পণ্য উৎপাদনে ব্যবহৃত উপকরণের নাম (এইচ. এস. কোড) | অপচয়সহ একক পণ্য উৎপাদনে ব্যবহৃত উপকরণের প্রতিটির পরিমাণ (একক) | অপচয় ব্যতীত প্রতি একক পণ্য উৎপাদনে ব্যবহৃত উপকরণের প্রতিটির পরিমাণ (একক) | মোট উৎপাদিত পণ্যের পরিমাণ | মোট ব্যবহৃত উপকরণের পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |
| | | | | | | | |

..........................................

প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের স্বাক্ষর ও তারিখঃ

## পরিশিষ্ট-৩

**[শর্ত (ঢ) দ্রষ্টব্য]**

| আমদানি অংশ | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক্র. নং | রপ্তানি এলসি/ সেলস কন্ট্রাক্ট নং/টিটি নং | পণ্য ঘোষণা নং | তারিখ | আমদানিকৃত পণ্যের বিবরণ | পণ্যের এইচ. এস. কোড | পরিমাণ (নেট ওয়েট) | মূল্য (বৈদেশিক মুদ্রা) | শুল্কায়িত মূল্য | ব্যাংক গ্যারান্টি নম্বর ও তারিখ | ব্যাংকের নাম ও ঠিকানা | ব্যাংক গ্যারান্টির পরিমাণ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |

| রপ্তানি অংশ | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| রপ্তানি নং ও তারিখ (EXP No and Date) | শিপিং বিল নং ও তারিখ | ইনভয়েস নং ও তারিখ | বিএল নং/ এয়ারওয়ে বিল নং ও তারিখ | রপ্তানির পরিমাণ (পিস) | রপ্তানির পরিমাণ (নেট ওয়েট) | রপ্তানি মূল্য (USD) | পিআরসি নং ও তারিখ | প্রত্যাবাসিত মূল্য | মূল্য সংযোজন |
| ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |

**তফসিল-১**
**[প্রস্তাবনা দ্রষ্টব্য]**
**শিল্পখাত সমূহ:**

১। ফার্নিচার;

২। ইলেক্ট্রনিক্স;

৩। খাদ্য প্রক্রিয়াজাতকরণ;

৪। Light Engineering;

৫। স্টিলজাত দ্রব্য;

৬। প্লাস্টিক পণ্য;

৭। চামড়াজাত পণ্য;

৮। তৈরি পোশাক।

**তফসিল-২**
**[অনুচ্ছেদ ৯ দ্রষ্টব্য]**
**আমদানিযোগ্য নয় এমন পণ্যের তালিকা:**

১। এমএস রড বা বার, এঙ্গেল এবং এমএস ওয়্যার;

২। প্রি-ফেব্রিকেটেড বিল্ডিং;

৩। সকল ধরনের সিমেন্ট;

৪। সকল ধরনের ক্যাবল;

৫। পেইন্ট;

৬। লুব অয়েলসহ সকল ধরনের জ্বালানি তেল;

৭। সকল ধরনের অফিস সরঞ্জাম ও আসবাবপত্র;

৮। এয়ার কন্ডিশনার;

৯। গৃহস্থালী সামগ্রী;

১০। পার্টিকেল বোর্ড।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রহমান খান** এফসিএমএ
সচিব
অভ্যন্তরীন সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd